

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৩০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ বৈশাখ ১৪২৬/৩০ এপ্রিল ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.১২৭—গত ২১ এপ্রিল ২০১৯ তারিখে স্থানীয় সময় আনুমানিক সকাল ৮.৪৫ মিনিটে শ্রীলংকার রাজধানী কলম্বোসহ পার্শ্ববর্তী শহরতলী এলাকায় আটটি স্থানে সংঘটিত সন্ত্রাসী সিরিজ বোমা হামলায় ২৫৩ জন নিহত এবং ৫০০ জন আহত হন। উল্লেখ্য, শ্রীলংকার তিনটি শহরের ক্যাথলিক গির্জায় খ্রিষ্টান সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব ইস্টার সানডে উদ্‌যাপনকালে প্রার্থনারত ব্যক্তিদের ও তিনটি পাঁচ তারকা হোটেলে অবস্থানরত পর্যটকগণের ওপর এবং আরও দুটি স্থানে উক্ত সিরিজ বোমা হামলা চালানো হয়।

২। এ অমানবিক ও ন্যাকারজনক ঘটনায় বিশ্বের শান্তিকামী মানুষ ও বিশ্বেত্ববৃন্দের সঙ্গে একাত্ম হয়ে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে, বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষে এ সন্ত্রাসী ও নারকীয় হামলার বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করে, হামলায় নিহত ব্যক্তিগণের আত্মার শান্তি কামনাসহ তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা, আন্তরিক সহমর্মিতা ও সুদৃঢ় সংহতি প্রকাশ করে, আহত ব্যক্তিবর্গের সুচিকিৎসা ও দ্রুত আরোগ্য কামনা করে এবং এই মর্মান্তিক সিরিজ বোমা হামলার ঘটনায় শ্রীলংকার সরকার ও জনগণের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করে মন্ত্রিসভার ১৬ বৈশাখ ১৪২৬/২৯ এপ্রিল ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ড. মোঃ শামসুল আরেফিন  
সিনিয়র সচিব, সমন্বয় ও সংস্কার

( ১৫১৩৫ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৬ বৈশাখ ১৪২৬  
ঢাকা: ২৯ এপ্রিল ২০১৯

গত ২১ এপ্রিল ২০১৯ তারিখে স্থানীয় সময় আনুমানিক সকাল ৮.৪৫ মিনিটে শ্রীলংকার রাজধানী কলম্বোসহ পার্শ্ববর্তী শহরতলী এলাকায় আটটি স্থানে সংঘটিত সন্ত্রাসী সিরিজ বোমা হামলায় ২৫৩ জন নিহত এবং ৫০০ জন আহত হন। উল্লেখ্য, শ্রীলংকার তিনটি শহরের ক্যাথলিক গির্জায় খ্রিস্টান সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ ধর্মীয় উৎসব ইস্টার সানডে উদ্‌যাপনকালে প্রার্থনারত ব্যক্তিদের ও তিনটি পাঁচ তারকা হোটেলে অবস্থানরত পর্যটকগণের ওপর এবং আরও দুটি স্থানে উক্ত সিরিজ বোমা হামলা চালানো হয়।

উল্লেখ্য, নিহত ব্যক্তিগণের মধ্যে ৩৬ জন বিভিন্ন দেশের নাগরিক ছিলেন। এই বর্বরোচিত হামলায় একাদশ জাতীয় সংসদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবং বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য শেখ ফজলুল করিম সেলিম এম.পি'র আট বছর বয়সী দৌহিত্র জায়ান চৌধুরী শ্রীলংকার শাংরি-লা হোটেলের রেস্তোরাঁয় নাস্তা গ্রহণের সময় নিহত এবং জায়ানের পিতা জনাব মশিউল হক চৌধুরী মারাত্মকভাবে আহত হন।

অপ্রত্যাশিত এ অমানবিক ও ন্যাকারজনক ঘটনায় বিশ্ববাসীর সঙ্গে বাংলাদেশের জনগণও গভীরভাবে মর্মান্বিত। সারা বিশ্বের শান্তিকামী মানুষ ও বিশ্বনেতৃবৃন্দের সঙ্গে একাত্ম হয়ে মন্ত্রিসভা গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে এবং বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষে এ সন্ত্রাসী ও নারকীয় হামলার বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করছে। মন্ত্রিসভা এ সন্ত্রাসী হামলায় নিহত ব্যক্তিগণের আত্মার শান্তি কামনাসহ তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি গভীর সমবেদনা, আন্তরিক সহমর্মিতা ও সুদৃঢ় সংহতি প্রকাশ করছে এবং আহত ব্যক্তিবর্গের সুচিকিৎসা ও দ্রুত আরোগ্য কামনা করছে।

মন্ত্রিসভা বিশ্বাস করে যে, অপ্রত্যাশিত এ সন্ত্রাসী বোমা হামলা জাতি, ধর্ম ও বর্ণ নির্বিশেষে বিশ্বমানবতার বিরুদ্ধে এক পৈশাচিক আক্রমণ এবং বিশ্ব-শান্তি ও স্থিতিশীলতার ওপর প্রচণ্ড এক আঘাত। মন্ত্রিসভা দ্ব্যর্থহীনভাবে অভিমত ব্যক্ত করে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বাংলাদেশ সরকার সন্ত্রাস ও জঙ্ঘিবাদ নির্মূলে জিরো টলারেন্স নীতিতে বিশ্বাসী। এ সরকার যে কোন সহিংস, সাম্প্রদায়িক ও সন্ত্রাসী কর্মকাণ্ডের তীব্র বিরোধিতা করে। মন্ত্রিসভা এই মর্মান্তিক সিরিজ বোমা হামলার ঘটনায় শ্রীলংকার সরকার ও জনগণের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করছে।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd